

অংকন শিল্পীদের জন্য প্রতিযোগিতা

আয়োজনেঃ



মানুষের জন্য ফাউন্ডেশন, ঢাকা

সহযোগিতায়ঃ



প্রিয় সুধী,

‘মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ)’ এর পক্ষ থেকে শুভেচ্ছা জানবেন।

এমজেএফ একটি জাতীয় বেসরকারী উন্নয়ন সংস্থা যা ২০০২ সাল থেকে দেশের অধিকার বঞ্চিত দরিদ্র ও বিভিন্ন ভাষাভাষীর প্রান্তিক জনগোষ্ঠীর মানবাধিকার ও সুশাসন প্রতিষ্ঠায় সহযোগী সংগঠনের মাধ্যমে এ্যাডভোকেসী সহ বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়ন করে আসছে। তারই ধারাবাহিকতায় মানুষের জন্য ফাউন্ডেশন প্রতি বছরের মত এবছরও ‘ইন্টারন্যাশনাল ডে অব দি ওয়ার্ল্ড’স ইন্ডিজেনাস পিপলস’ উদযাপন উপলক্ষে তরুন অংকন শিল্পীদের জন্য একটি চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে। এই প্রতিযোগিতায় দেশের যে কোন চারুকলা কলেজ ও বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগ থেকে স্নাতক ডিগ্রী পাশ করা, স্নাতকোত্তর ডিগ্রীতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী, এবং সদ্য স্নাতকোত্তর ডিগ্রী সম্পন্ন করা চিত্রকলা শিল্পীদের অংশগ্রহণের জন্য আহ্বান করা হচ্ছে।

প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক অংকন শিল্পীদের এতদসঙ্গে সংযুক্ত ফর্মটি পূরণ করে অংশগ্রহণকারীর নিজের ছবি ও একটি চিত্রকর্মের ছবি (Image) সংযুক্ত করে নীচের ঠিকানায় পাঠিয়ে নিবন্ধন করার জন্য অনুরোধ করা হচ্ছে। নিবন্ধনকৃতদের মধ্য থেকে বাছাইকৃত চূড়ান্ত প্রতিযোগীদের প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য আহ্বান করা হবে। জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন দুইজন বিশিষ্ট চিত্রশিল্পী চিত্রাংকন প্রতিযোগিতার বিজয়ী নির্বাচন করবেন। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিল্পীদের মধ্যে যারা ১ম, ২য় ও ৩য় স্থান অর্জন করবেন তাদের জন্য সনদপত্র, ফ্রেস্ট সহ আকর্ষণীয় পুরস্কারের ব্যবস্থা রয়েছে। এছাড়াও ৪র্থ ও ৫ম স্থান অধিকারীর জন্য শুভেচ্ছা পুরস্কারের ব্যবস্থা রয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের জন্য ছবি আঁকার সব উপকরণ সরবরাহ করা হবে, তবে অংশগ্রহণকারীদেরকে তাদের নিজেদের তুলি ও ব্রাশ সঙ্গে আনতে হবে, এবং শর্ত থাকে যে প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আঁকা সকল চিত্রকর্মের স্বত্বাধিকারী/ মালিক হবে মানুষের জন্য ফাউন্ডেশন। আরও উল্লেখ্য যে অংশগ্রহণকারীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য মানুষের জন্য ফাউন্ডেশন যাতায়াত ও খাবার খরচসহ কোন ধরনের খরচ বহন করবে না।

প্রতিযোগিতায় অংশগ্রহণের আরও বিস্তারিত তথ্য :

প্রতিযোগিতার বিষয়: “বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামসহ সমতলের বিভিন্ন ভাষাভাষী জাতিগোষ্ঠীর জীবন ও অস্তিত্ব”
প্রতিযোগিতার তারিখ: ৯ আগস্ট ২০১৮, বৃহস্পতিবার
প্রতিযোগিতার সময়: সকাল ১০টা থেকে বিকাল ৩টা
প্রতিযোগিতার স্থান: বাংলা একাডেমী প্রাঙ্গণ (কবি শামসুর রাহমান হল সংলগ্ন), ঢাকা

প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিবন্ধন : (চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিবন্ধন ফর্ম)
এতদসঙ্গে সংযুক্ত ফর্মটি পূরণ করে নীচের ঠিকানায় পাঠিয়ে নিবন্ধন করার জন্য অনুরোধ করা হচ্ছে।

নিবন্ধন ফর্ম পাঠানোর ও যোগাযোগের ঠিকানা :

মি: পাবলো নেরুদা
মানুষের জন্য ফাউন্ডেশন
বাসা- ২২, রোড-৪, ব্লক- এফ
বনানী, ঢাকা-১২১৩, বাংলাদেশ
ই-মেইল: pablo@manusher.org, মোবাইল: ০১৭৫১৮৬১০৪০

নিবন্ধন ফর্ম পাঠানোর সময় :

২৯ জুলাই ২০১৮ - ৫ আগস্ট ২০১৮ ইং

বাছাইকৃত চূড়ান্ত প্রতিযোগীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান :

৬ আগস্ট ২০১৮

চূড়ান্ত প্রতিযোগীদের অরিয়েন্টেশন :

৭ আগস্ট ২০১৮ (সকাল ৯টা- বেলা ১টা)
মানুষের জন্য ফাউন্ডেশন প্রশিক্ষণ কক্ষ
বাসা- ২২, রোড-৪, ব্লক- এফ
বনানী, ঢাকা-১২১৩

ছবি আঁকার যে সব উপকরণ প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য সরবরাহ করা হবে :

১. রেডি ক্যানভাস ২'২'
২. আর্ট পেপার
৩. রং (ক্যামেল এক্রিলিক)
৪. কালার প্লেট
৫. ইজেল
৬. চেয়ার

অংশগ্রহণকারীদেরকে যা আনতে হবে : তুলি ও ব্রাশ

চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিবন্ধন ফর্ম